

অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

১. **জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে প্রবেশ করতে**
<https://dpe.muktopaath.gov.bd> ভিজিট করুন। অথবা সরাসরি
<https://dpe.muktopaath.gov.bd/course-details/1044> এই লিংকে ভিজিট করে কোর্সে প্রবেশ করুন।
২. কোর্সে প্রবেশ করার পর **'কোর্সটি শুরু করুন'** বাটনে ক্লিক করে কোর্সে নিবন্ধন/লগইন করতে হবে। আপনি যদি ইতোমধ্যে মুক্তপাঠে নিবন্ধিত হয়ে থাকেন তাহলে সরাসরি আপনার মুক্তপাঠ ইউজার আইডি (রেজিস্ট্রেশনে ব্যবহৃত ইমেইল বা ফোন নম্বর) এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।
৩. আপনি যদি পূর্বে মুক্তপাঠে নিবন্ধিত না থাকেন তাহলে এখানে **'রেজিস্ট্রেশন করুন'** বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
৪. রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় আপনার মোবাইল/ইমেইল যে কোন একটি ব্যবহার করা যাবে। মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করলে মোবাইলে একটি OTP আসবে আর ইমেইল ব্যবহার করলে ইমেইলে একটি ভেরিফিকেশন লিংক যাবে। OTP/ ইমেইল ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।
৫. এছাড়াও, এই কোর্সে অংশগ্রহণ বা রেজিস্ট্রেশনের সময় **প্রাথমিকের শিক্ষক** হিসেবে ভেরিফিকেশনের জন্য আপনার **শিক্ষক PIN নম্বর** এবং জন্মতারিখ (সার্টিফিকেট অনুযায়ী) প্রয়োজন হবে। ভেরিফিকেশন ফরমে আপনার শিক্ষা স্তর/পর্যায় ড্রপডাউন মেনুথেকে **প্রাথমিক** সিলেক্ট করতে হবে। **শিক্ষক PIN নম্বর** ভেরিফিকেশনের ক্ষেত্রে একজন শিক্ষক একটি মাত্র **শিক্ষক PIN নম্বর** ব্যবহার করতে পারবেন। একাধিক একাউন্ট তৈরি বা একই নাম্বার একাধিকবার ব্যবহার করা যাবে না।
৬. মুক্তপাঠে রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট করার সময় আপনার সার্টিফিকেটের নামটি সঠিকভাবে লিখতে হবে। আপনার আইডি থেকে একবার সার্টিফিকেট তৈরি হওয়ার পর সার্টিফিকেটের নাম পরিবর্তন করা যাবে না।
৭. এই কোর্সে মোট ৬টি মডিউল ও প্রত্যেকটি মডিউলের অভ্যন্তরে ৩-৫টি পাঠ/লেসন রয়েছে। প্রতিটি পাঠে রয়েছে নির্ধারিত বিষয়বস্তু যেমন: পূর্ব অভিজ্ঞতা প্রশ্নমালা, ভিডিও কনটেন্ট, পাঠ সহায়িকা (পিডিএফ), স্ব-মূল্যায়ন (কুইজ), মতামত ও আলোচনা। প্রত্যেকটি পাঠ/লেসনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণের মাধ্যমে পাঠটি সম্পন্ন হবে এবং ডান পাশে সবুজ টিকমার্ক দেখা যাবে। পাঠ সম্পন্ন না হলে বা টিকমার্ক দেখা না গেলে নির্দেশনা খেয়াল করুন।
৮. প্রত্যেকটি পাঠ ধাপে ধাপে সম্পন্ন করে কোর্সটি সম্পন্ন করতে হবে, একটি পাঠ সম্পন্ন না করে পরের পাঠে যাওয়া যাবে না। সকল পাঠ (১০০%) সম্পন্ন করলে আপনি সার্টিফিকেট আবেদন করতে পারবেন।
৯. এই কোর্সের সকল ভিডিও নির্দেশিকা কনটেন্ট, পাঠসহায়িকা, কুইজ ইত্যাদি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, এনসিটিবি এবং ইউরোপীয় ইউনিয়নের মাধ্যমে নির্মিত। বিনা অনুমতিতে কোর্সের কোন ভিডিও, পাঠসহায়িকা, কুইজের প্রশ্নোত্তর সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক/ইউটিউব) বা অন্য কোন মাধ্যমে শেয়ার করা নিষিদ্ধ। কোনো ব্যবহারকারী এরূপ কর্মকান্ডে জড়িত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. মুক্তপাঠ টিমের সাথে যোগাযোগ (বিস্তারিত কোর্স পাতায় রয়েছে):
 - ✓ ইমেইল: info@muktopaath.gov.bd
 - ✓ ফেসবুক পেইজ: www.facebook.com/muktopaath.gov.bd